

Prime Minister's meeting with Mr. Masayoshi Son, Board Director and Founder, Softbank Corporation

May 23, 2022

সফটব্যাঙ্ক কর্পোরেশনের বোর্ড ডিরেক্টর এবং প্রতিষ্ঠাতা মি: মাসাওসি সনের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ টোকিওতে সফটব্যাঙ্ক কর্পোরেশনের প্রতিষ্ঠাতা ও বোর্ড ডিরেক্টর মি: মাসাওসি সনের সঙ্গে বৈঠক করেছেন। বৈঠকে প্রধানমন্ত্রী ভারতের নতুন শিল্পোদ্যোগ বা স্টার্টআপের সঙ্গে যুক্ত ক্ষেত্রে সফটব্যাঙ্কের ভূমিকার প্রশংসা করেছেন। ভারতে প্রযুক্তি, জ্বালানী ও আর্থিক ক্ষেত্রের মত গুরুত্বপূর্ণ বিষয়ে ভবিষ্যতে সফটব্যাঙ্কের অংশগ্রহণের দিকটি নিয়েও তাঁদের মধ্যে আলোচনা হয়েছে।

ভারতে সহজে ব্যবসা করার ক্ষেত্রে যে সব সংস্কারমূলক উদ্যোগ নেওয়া হয়েছে, আলোচনায় সেই বিষয়গুলিও স্থান পেয়েছে। এ ছাড়াও দেশে সফটব্যাঙ্কের বিনিয়োগ বাড়ানোর সম্ভাব্য জায়গাগুলির বিষয়ে নির্দিষ্ট প্রস্তাব নিয়েও তাঁরা আলোচনা করেছেন।

টোকিও

মে 23, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.